



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাবি বিসিএস অফিসার্স ফোরামের বৃত্তি প্রদান ॥

যে কোনো অর্জনের স্বীকৃতি বহুমাত্রিক প্রেরণা যোগায়

- উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৯ সেপ্টেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিসিএস অফিসার্স ফোরাম আয়োজিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেছেন, যে কোনো অর্জনের স্বীকৃতি বহুমাত্রিক প্রেরণা যোগায়। সেরা শিক্ষার্থী হিসেবে অর্জিত বৃত্তি শিক্ষার্থীদের আরও ভালো অর্জনে অনুপ্রাণিত করবে। এতে অন্য শিক্ষার্থীদের মধ্যেও প্রতিযোগিতার মনোভাব বৃদ্ধি পাবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিসিএস অফিসার্স ফোরামের সভাপতি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপাচার্য তাঁর বক্তব্যে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি শিক্ষার্থীদের দেশ ও জাতির কল্যাণে অর্জিত শিক্ষা ও মেধা কাজে লাগানোর পরামর্শ দেন। সভাপতির বক্তব্যে সিনিয়র সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন বলেন, তাঁর সংগঠন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সবগুলো বিভাগ ও ইনস্টিটিউটের স্নাতক (সম্মান) শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় সর্বোচ্চ ফলাফল অর্জনকারী ৪০জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের মাধ্যমে এই কর্মসূচি শুরু করেছে। ভবিষ্যতে এ বৃত্তির পরিধি আরও বৃদ্ধি করা হবে। তিনি বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অব্যাহত সাফল্য কামনা করেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে বেলা তিনটায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন পরিকল্পনা কমিশনের সদস্য (সচিব) আবদুল বাকী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আলমগীর কবীর, বৃত্তি প্রদান উপ-কমিটির আহ্বায়ক বজলুল করিম ভূঁইয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিসিএস অফিসার্স ফোরামের সাধারণ সম্পাদক ও পুলিশের ডিসি (ডিবি) আবদুল আহাদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন সরকারি তিতুমীর কলেজের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক আবদুল্লাহ আল মামুন রাসেল।

Mohammad Mahiuddin

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

